দৈনিক
আমাদের সময়

তারিখ '19 SEP 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭

# জবি 'সি' ইউনিটে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

জবি প্রতিনিধি ■

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের 'সি' ইউনিট (ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত) বিবিএ ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। গতকাল দুপুর ২টার দিকে এ ফলাফল প্রকাশ করা হয়।

'সি' ইউনিটের ৪৬০টি (অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ-১৪০টি, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ-১৪০টি, মার্কেটিং বিভাগ-৯০টি ও ফিন্যান্স বিভাগ-৯০টি) আসনের বিপরীতে মেধাক্রম অনুসারে ২৩০০ পরীক্ষার্থীর তালিকা প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, 'সি' ইউনিটে ১৩ হাজার ৫৬ পরীক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছিলেন। 'সি' ইউনিটের ভর্তিসংক্রান্ত পরবর্তী কার্যক্রমের তথ্যাদি পরে জানানো হবে। ভর্তি পরীক্ষার ফলাফল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট (http://admission.jnu.ac.bd অথবা http://admissionjnu.info)-এ পাওয়া যাচ্ছে।